সরকারের উন্নয়নমুখী পদক্ষেপে বদলে গেছে খাগড়াছড়ির দৃশ্যপট

নিজস্ব প্রতিবেদক, মাটিরাঙ্গা:

সরকারের বিভিন্ন উন্নয়নে কর্মকাণ্ডের জানান দিতেই দেশব্যাপী উন্নয়ন মেলার আয়োজন করা হয়েছে উল্লেখ করে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সচিব মুসলিম চৌধুরী বলেছেন, মেগা প্রকল্পগুলো সরকারের সাহসী পদক্ষেপ। অর্থ কোথা থেকে আসবে তার চেয়ে প্রকল্প গ্রহণ আর বাস্তবায়নেই উদ্যোগী প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সরকারের উন্নয়নমুখী পদক্ষেপের ফলেই পাহাড়ি জনপদ খাগড়াছড়ির দৃশ্যপট বদলে গেছে মন্তব্য করে তিনি বলেন, সরকারের ডিজিটাল বাংলাদেশ কনসেপ্টের কারণে পাহাড়-সমতলের মধ্যে কাজের দুরত্ব কমেছে। এটাও সরকারের বড় ধরনের সাফল্য।

তিন দিনব্যাপী উন্নয়ন মেলার অংশ হিসেবে শুক্রবার(১২জানুয়ারি) বিকাল ৪টার দিকে মাটিরাঙ্গায় তথ্য প্রযুক্তি, সেবাখাত ও অবকাঠামোগত খাতে বাংলাদেশের অর্জন শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মাটিরাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার বিএম মশিউর রহমান’র সভাপতিত্বে সেমিনারে মুল প্রবন্ধ উপস্থাপন করেন সহকারী কমিশনার (ভুমি) মোহাম্মদ আলী। খাগড়াছড়ির অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কাজী মো. চাহেল তস্তরী ও ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এএসএম লোকমান সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

মাটিরাঙ্গা পৌরসভার মেয়র মো. শামছুল হক, মাটিরাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সুবাস চাকমা ও মাটিরাঙ্গা সদর

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান হিরনজয় ত্রিপুরা প্রমুখ সেমিনারে বক্তব্য রাখেন।

পার্বত্য চট্টগ্রামের উন্নয়নে অতিরিক্ত বরাদ্দ প্রদানের বিষয়টি সরকারের পরিকল্পনায় রয়েছে উল্লেখ করে তিনি বলেন, বর্তমানেও সরকারের বাজেটে পাহাড়-সমতলের মধ্যে সমতা আনা হয়েছে। পাহাড় সমতলকে সরকার ভিন্নভাবে দেখছেনা। সরকারের গৃহিত উন্নয়নের ধারা বাস্তবায়নে সরকারের বিভিন্ন বিভাগ ও দপ্তরের পাশাপাশি সুফলরোগীদেরও এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

এরপর খাগড়াছড়ির মাটিরাঙ্গার প্রবেশদ্বারে মাটিরাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার বিএম মশিউর রহমান’র দিকনির্দেশনায় ত্রান ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অর্থায়নে নির্মিত ‘মাটিরাঙ্গা তোরন’ এর উদ্বোধন করেন।